

কুয়েতে সহজ করল ফ্যামেলি ও ট্যুরিস্ট ভিসা

- A Monitor Desk Report

Date: 28 August, 2025



ঢাকা : মধ্যপ্রাচ্যের অন্যতম ধনী দেশ কুয়েত। দেশটির অবকাঠামো ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বিভিন্ন দেশের প্রবাসীরা। দীর্ঘদিন ধরে দেশটিতে ফ্যামেলি ও ট্যুরিস্ট ভিসা প্রক্রিয়া কঠোর নীতি অনুসরণ করলেও বর্তমানে ফ্যামেলি ও ট্যুরিস্ট ভিসা নিয়মনীতি সহজ করা হয়েছে।

কুয়েতে থাকা প্রবাসীরা চাইলে পরিবারের সদস্যদের খুব সহজে ফ্যামেলি অথবা ট্যুরিস্ট ভিসা দিয়ে নিয়ে আসতে পারবেন। তবে, ট্যুরিস্ট ভিসায় ও ফ্যামেলি ভিসায় এসে কাজের ভিসায় পরিবর্তন বা কাজ করার সুযোগ নেই।

সৌদি, কাতার, আরব আমিরাতে সহ জিসিসিভুক্ত ৬ দেশে থাকা বিভিন্ন পেশার বৈধ ভিসাধারী প্রবাসীদের জন্যও চালু করা হয়েছে ট্যুরিস্ট ভিসা। অনলাইনের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য দিয়ে যাচাই বাছাই প্রক্রিয়া শেষ ৩ কুয়েতি দিনার ফি দিয়ে পাচ্ছেন ১ মাসের ট্যুরিস্ট ভিসা।

এতে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা প্রবাসীদের ব্যবসায়ী কাজ ছাড়া অনেক পরিবার বন্ধুবান্ধব আত্মীয়-স্বজনদের সঙ্গে দেখা সাক্ষাতের সুযোগ সৃষ্টি হয়েছে।

কুয়েত সরকার একদিকে যেমন দেশটিকে আরও পর্যটক ও বিনিয়োগবান্ধব হিসেবে গড়ে তুলতে চায়, অন্যদিকে প্রবাসীদের জন্যও খুলে দিচ্ছে স্বস্তির এক নতুন দুয়ার।

-B